

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ১২ ॥ সংখ্যা ৩২ ॥ শুক্রবার ॥ বৈশাখ ১৯ ॥ ১৪১৫ ॥ রবিউল আউয়াল ২৫ ॥ ১৪২৯ ॥ Weekly Bangla Patrika ॥ Vol. 12 ॥ Issue 32 ॥ May 2 ॥ 2008 ॥ Price \$ 1.00

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika // Friday // May 2 // 2008



বাংলাদেশী ইঞ্জিনিয়ারদের সংগঠন এএবিইএ'র অভিষেক

বাংলা পত্রিকা রিপোর্ট : আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার এন্ড আর্কিটেকচার (এএবিইএ) র ট্রাইস্টেট চাপ্টারের নব নির্বাচিত কর্মকর্তাদের শপথ গ্রহণ অনুষ্ঠানটি গত ২৭শে এপ্রিল রোববার সন্ধ্যায় উডসাইডের ঢাকা ক্লাবে অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মাননীয় রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কনসাল জেনারেল এম শামসুল হক।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য দেন এম এ রহিম।

পরে এএবিইএ'র নব-নির্বাচিত কমিটিকে শপথ বাক্য পাঠ করান আলী আশরাফ মাসুদ মিয়া। শপথ গ্রহণ অনুষ্ঠানে সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন। শপথ অনুষ্ঠান শেষে বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান এবং সভাপতি এনাম হক পিই। সাধারণ সম্পাদক ও সভাপতি তাদের বক্তব্যে এএবিইএ'র আদর্শ ও উদ্দেশ্য সম্পর্কে বক্তব্য রাখেন।

সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান বলেন, এই সংগঠনটি প্রবাসে বাংলাদেশী সেবা প্রদানের পাশাপাশি বাংলাদেশের সিডর ও বন্যা দুর্গতদের জন্য ৮ হাজার ডলার অনুদান প্রধান উপদেষ্টার তহবিলে প্রদান করেছে। এছাড়া ব্যুরেটের ছাত্র-ছাত্রীদের জন্য ১৮ শ ডলারের বৃত্তি ও অন্যান্য অনুদান দিয়েছে।

সভাপতি এনাম হক বলেন, বাংলাদেশের সাহায্য ছাড়া আজ আমরা এখানে আসতে পারতাম না। তাই আমাদের দেশটির জন্য আমাদের কিছু করা উচিত।

বিশেষ অতিথির ভাষণে কনসাল জেনারেল এম শামসুল হক বলেন, প্রবাসে বাংলাদেশী ইঞ্জিনিয়ারদেরকে দেশের সমস্যা সমাধানে এগিয়ে আসতে হবে। তিনি বাংলাদেশের উপযোগী টেকসই প্রযুক্তি বাংলাদেশে প্রদানের অনুরোধ জানান।

রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির বলেন, বাংলাদেশের সামনে যে সকল নতুন নতুন চ্যালেঞ্জ আসছে তার মোকাবিলা করতে আমাদের লাগসই প্রযুক্তি দরকার। দেশে একটি জ্ঞানের বিপ্লব দরকার। এই বিপ্লবও করবেন ইঞ্জিনিয়ারগণ।

তিনি এএবিআইকে সবচাইতে সুশৃঙ্খল সংগঠন হিসেবে অভিহিত করে বলেন, আপনাদের সংগঠনটি সবচাইতে ভাল উদ্দেশ্য নিয়ে কাজ করছে। দুর্গত মানুষের জন্য সকল সামাজিক কর্মকান্ড করছেন।

অনুষ্ঠানে কার্যকরী কমিটির সকল কর্মকর্তাই মঞ্চে উপস্থিত ছিলেন। এছাড়াও মঞ্চে প্রেসিডেন্ট ইলেস্ট সদরুল হুসেইন উপস্থিত ছিলেন।

এএবিইএ'র নির্বাহী কমিটির কর্মকর্তারা হলেন, প্রেসিডেন্ট এনাম হক, প্রেসিডেন্ট ইলেস্ট সদরুল হুসেন, সেক্রেটারী মুহাম্মদ সিদ্দিকুর রহমান, ট্রেজারার সানিউল হক, কালচারাল সেক্রেটারী এম এ হাই, পাবলিসিটি সেক্রেটারী বাবুল কোরেশী, এক্সিকিউটিভ মেম্বারস : শামস আইয়ুব, কাজী মোশতাক আহমেদ, পাস্ট প্রেসিডেন্ট এম এ রহিম।

অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন শাহনেওয়াজ রহিম ও মাহনাজ হাসান।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিলো সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে সঙ্গীত পরিবেশন করেন শহীদ হাসান, শাহরীন সুলতানা ও আরও অনেকে। তবলায় ছিলেন তপন মোদক।